

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

স্মারক-নং-৩৩.০১.০০০০.১০১.২৫.৬০৮.২১- ৬৬০

তারিখঃ- ০৭/০২/২০২৩ খ্রিঃ
২৪/১০/১৪২৯ বঃ


আদেশ

জনাব পপি রাণী দত্ত, কম্পাউন্ডার, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-কে উন্নত চিকিৎসার জন্য মা নন্দিতা দত্ত সহ ভারত গমনের উদ্দেশ্যে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধি মালার ৩ (১) (ii) ধারানুযায়ী প্রাণিসম্পদ অধিদপ্তরের ১৫/০৯/২০২২ তারিখের নং-৩৩.০১.০০০০.১০১.০৮.৬০৯.২২-২১১৯ সংখ্যক আদেশে ১৬/১০/২০২২ তারিখ হতে ১৪/১২/২০২২ তারিখ পর্যন্ত ৬০ দিন অথবা ছুটি ভোগের তারিখ হতে ৬০ (ষাট) দিনের অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) মঞ্জুর সহ ভারত গমনের অনুমতি প্রদান করা হয়েছিল। তৎপ্রেক্ষিতে বর্ণিত কর্মচারী ২৮/১১/২০২২ তারিখ ভারত গমন করেন এবং আগামী ২৬/০১/২০২৩ তারিখ মঞ্জুরীকৃত ৬০ (ষাট) দিনের অর্জিত ছুটির (বহিঃ বাংলাদেশ) মেয়াদ শেষ হয়েছে। কিন্তু ভারতের বিশেষজ্ঞ ডাক্তার জানান বর্ণিত কর্মচারীর পূর্ণাঙ্গ চিকিৎসা কার্যক্রম শেষ করতে ২৭/০১/২০২৩ হতে ২৬/০৪/২০২৩ তারিখ পর্যন্ত আরও অতিরিক্ত ৯০ (নব্বই) দিনের অর্জিত ছুটির (বহিঃ বাংলাদেশ) প্রয়োজন। তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসা জনিত কারণে ২৭/০১/২০২৩ হতে ২৬/০৪/২০২৩ তারিখ পর্যন্ত আরও অতিরিক্ত ৯০ (নব্বই) দিনের অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) বর্ধিত করণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপ-হাইকমিশন, চেন্নাই, তামিলনাড়ু, ভারতের মাধ্যমে ই-মেইল যোগে আবেদন করেছেন এবং আবেদন পত্রটি কর্তৃপক্ষের সুপারিশ সহ পাওয়া গেছে।

এমতাবস্থায় বিভাগীয় কাজের গুরুত্ব বিবেচনায় এনে জনাব পপি রাণী দত্ত, কম্পাউন্ডার, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-এর পূর্বের মঞ্জুরীকৃত ৬০ (ষাট) দিনের অর্জিত ছুটির (বহিঃ বাংলাদেশ) ধারাবাহিকতায় আরও অতিরিক্ত ২৭/০১/২০২৩ তারিখ হতে ২৭/০৩/২০২৩ তারিখ পর্যন্ত ৬০ (ষাট) দিনের অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) মঞ্জুর করা হলো।

শর্ত সমূহঃ-

- ১। তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় ভারতে অবস্থান করতে পারবেন না।
- ২। তিনি সম্পূর্ণ নিজ খরচে উক্ত ভ্রমণ করবেন। তাঁর এ ভ্রমণে সরকারের তরফ হতে কোন বৈদেশিক মুদ্রা খরচ হবে না।
- ৩। তিনি যথা সময়ে দেশে ফিরে এসে স্থায় পদে যোগদান করবেন। অন্যথায় তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৪। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ব্যবস্থামতে তিনি এ ছুটি ভোগ করবেন।


০৭/০২/২০২৩
(ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। মহাপরিচালক, পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- ৪। বহিরাগমন কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/ শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/ ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট।
- ৫। বহিরাগমন কর্মকর্তা, বেনাপোল স্থলবন্দর, যশোর / দর্শনা, চুয়াডাঙ্গা / হিলি স্থলবন্দর, দিনাজপুর / সোনামসজিদ স্থল বন্দর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ/ আখাউড়া স্থলবন্দর, ব্রাহ্মণবাড়ীয়া / ভোমরা স্থলবন্দর, সাতক্ষীরা/ বুড়িমারী স্থল বন্দর, পাটগ্রাম, লালমনিরহাট।
- ৬। অফিসার ইনচার্জ, আই.সি.টি. শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। (প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৭। জনাব পপি রাণী দত্ত, কম্পাউন্ডার, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ৮। অফিস কপি।